সমাজসেবক জামিল হোসেন মারাত্মকভাবে আহত

সিডনী লোকাল নিউজ

ভয়ঙ্কর এ দুর্ঘটনার ভি.ডি.ও ফুটেজ ও ইংরেজী সংবাদটি পড়তে এখানে টোকা মারুন

সিডনীর পশ্চিমাঞ্চলে অবস্থিত বাঙালী অধ্যুষিত আবাসিক এলাকা ল্যাকেম্বায় বসবাসকারী একজন বিশিষ্ঠ সমাজসেবক ও ল্যাকেম্বা বাংলা স্কুলের প্রতিষ্ঠাতা সদস্য জনাব জামিল হোসেন আজ রবিবার একটি সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হয়েছেন। তিনি এখন সিডনীর রয়েল প্রিন্স আলফ্রেড (আর, পি. এ) হাসপাতালে শয্যাশায়ী আছেন। তার পরিবার ও বন্ধুবর্গ থেকে তার জন্যে দোয়া চাওয়া হয়েছে।

তার সহকর্মীদের কাছ থেকে জানা যায় যে আজ ২৮শে আগষ্ট, রবিবার ভোর ৪টার দিকে তিনি কর্মরত অবস্থায় মারাত্মক সড়ক দুর্ঘটনায় পড়েন। তিনি নিউ টাউনের কাছে এনমোর থিয়েটারের পাশ দিয়ে যাত্রীহীন তার টেক্সিটি চালিয়ে যাওয়ার সময় তন্দ্রাচ্ছন্ন অবস্থায় রাস্তার পাশে একটি বৈদ্যুতিক খামে গিয়ে হুমড়ী খান। গাড়ীর আঘাতে বৈদ্যুতিক খামটি তড়িৎ-তার সহ রাস্তায় পড়ে যায় এবং তার গাড়িটিও দুমড়ে মুছড়ে যায়। দুর্ঘটনায় অন্যকোন গাড়ী জড়িত না থাকলেও বৈদ্যুতিক খামের পতন ফলে বিদ্যুৎপৃষ্ঠ হয়ে যেন আরো ক্ষতি নাহয় সেজন্যে পুলিশ, এ্যাম্বুলেন্স এর পাশাপাশি জরুরী বিদ্যুৎ বিভাগ থেকে ইলেকট্রিশিয়ান এসে তাৎক্ষনিক নিরাপদ পদক্ষেপ নেয়। গাড়ীটি মারাত্মকভাবে দুমড়ে যাওয়াতে জামিলকে গাড়ীর দরজা কেটে বাহির করতে হয়েছিল বলে তার সহকর্মীরা জানিয়েছেন।

জামিলকে দুর্ঘটনাস্থল থেকে নিকটস্থ আর. পি. এ হাসপাতালে নেয় হয়। উক্ত দুর্ঘটনায় জামিল এর বুকের পাঁজরে মারাত্মক চোট লেগেছে এবং তার লীভারে রক্তক্ষরন হয়েছে বলে জানা গেছে। চিকিৎসকদের ভাষ্যমতে জামিল এখন শঙ্কামুক্ত। তার দ্রুত সুস্থতা কামনা করে পরিবারের সকলের কাছে দোয়া ও আশির্বাদ কামনা করা হয়েছে।

সিডনী লোকাল নিউজ, ২৮/০৮/২০১১

ল্যাকেম্বা বাংলা স্কুলের অঙ্গসংগঠন 'রঙধনু'র একটি অনুষ্ঠানে সমাজ সেবক জামিল হোসেনকে (সর্ব বামে দাঁড়ানো) দেখা যাচ্ছে। ছবিঃ এপ্রিল ২০১০